# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 OCTOBER 2025 7:45—7:55 PM**

---

(১) এস আই টি'র রাজ্যের বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে হওয়া বৈঠকে জুবিন গর্গের মৃত্যুর সম্পর্কে ৯০ দিনের মধ্যে আদালতে অভিযোগনামা দাখিলের আশ্বাস/

(২) রাজ্য সরকারের 'শুশ্রূষা সেতু' শীর্ষক বিধানসভা ভিত্তিক স্বাস্থ্যশিবিরে এপর্যন্ত লক্ষাধিক শিশু ও কিশোর-কিশোরীর চিকিৎসা প্রদান/কাছাড় জেলার উধারবন্দের আজকের স্বাস্থ্যশিবিরে সাড়ে তিনহাজারেরও বেশি লোকের স্বাস্থ্য পরীক্ষা/

(৩) এ ডি আর ই'র চতুর্থ শ্রেণীর পদসমূহের ফলাফল আগামীকাল ঘোষণা/ আগামীকাল থেকে আগামী শুক্রবারের মধ্যে স্নাতকোত্তর শিক্ষক পদসমূহের ফলাফল ঘোষণা /

এবং

(৪) শ্রীভূমি জেলার ভাঙ্গার কাছে এক সড়ক দুর্ঘটনায় এক ব্যক্তির মৃত্যু/

---------------------------------------------------------------------------------

জুবিন গর্গের মৃত্যু সম্পর্কে এস আই টি, আজ বিকেলে রাজ্যের ছ'জন বিশিষ্ট ব্যক্তির সঙ্গে বৈঠকে মিলিত হয়েছে । এতে ডাঃ শুভ্রকিংকর গোস্বামী, সঞ্জীব ফুকন, অতনু ভুএঞা, প্রাঞ্জল শইকিয়া, ডাঃ হিতেশ বড়ুয়া এবং শিবাণু বরা উপস্থিত ছিলেন । বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে তাঁরা সবাই বলেন যে- এস আই টি তাদেরকে তদন্ত প্রক্রিয়ার অগ্রগতি সম্পর্কে অবগত করেছে । তবে মরণোত্তর পরীক্ষা বা এধরণের কোনো গোপন তথ্য তাদের প্রদান করা হয়নি । সিঙ্গাপুরে সমান্তরালভাবে এই ঘটনার তদন্ত চলছে বলে এস আই টি জানিয়েছে বলে তারা জানান । এছাড়া ৯০ দিনের মধ্যে এই মামলার অভিযোগনামা দাখিল করা হবে বলে তারা জানিয়েছেন ।

উল্লেখ্য- এস আই টি তেরোজন ব্যক্তিকে আলোচনার জন্যে আমন্ত্রণ জানিয়েছিল । তবে এরমধ্যে সাতজন তাদের আমন্ত্রণ অস্বীকার করে বৈঠকে উপস্থিত থাকতে পারবেননা বলে জানিয়ে দিয়েছিলেন। সারা আসাম ছাত্র সংস্থা এই আলোচনায় অংশ নেবে না বলে ঘোষণা করেছে । জুবিন গর্গকে ন্যায় প্রদানের দাবীতে আজ সংগঠনটি গুয়াহাটি মহানগরীর দিঘলী পুখুরীর পাড়ে অবস্থান ধর্মঘট কার্যসূচী পালন করে । সংগঠনটির মুখ্য উপদেষ্টা ডঃ সমুজ্জ্বল ভট্টাচার্য বৈঠকের আমন্ত্রণ গ্রহণ না করা সম্পর্কে বলেন যে- তদন্তকারী সংস্থা মামলা সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য ডাকলে অভিযুক্ত পক্ষের আইনজীবি আদালতে আইনী সুযোগ খোঁজার চেষ্টা করতে পারেন । সেই অনুসারে আইনজ্ঞের পরামর্শ অনুযায়ী তারা আলোচনায় অংশগ্রহণ করেননি বলে তিনি জানান । এদিকে সংগঠনটির হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে আজ হাইলাকান্দিতে তিনঘন্টার বিশেষ প্রতিবাদ কার্যসূচী পালন করা হয়েছে । এতে ছাত্রছাত্রী এবং স্থানীয় নাগরিকরা অংশ নেন। উপস্থিত বক্তারা জুবিন গর্গকে আসামের গর্ব হিসেবে অভিহিত করে তাঁর ন্যায় বিচারের আহ্বান জানান । তারা জুবিনের মৃত্যু রহস্যের তদন্ত প্রক্রিয়া সি বি আই’কে সমঝে দেওয়ারও দাবী জানিয়েছেন ।

অন্যদিকে সিঙ্গাপুরে জুবিন গর্গের মৃত্যুর সময়ে ঘটনাস্থলে থাকা প্রবাসী অসমীয়াদের মধ্যে সাতজন এপর্যন্ত আসাম পুলিশের বিশেষ অনুসন্ধানকারী দলের সামনে তাদের বক্তব্য রেখেছেন । আজ অভিমন্যু তালুকদার এবং তন্ময় ফুকন নামের দুই ব্যক্তি উলুবাড়ীর সি আই ডি কার্যালয়ে হাজির হয়ে তাদের ভাষ্য প্রদান করেন । এর আগে আরো ছ’জন প্রবাসী অসমীয়া আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার কাছে তাদের ভাষ্য দিয়েছেন। এদিকে নতুনদিল্লির কেন্দ্রীয় ফরেনসিক গবেষণাগারে পাঠানো জুবিন গর্গের ভিসেরা পরীক্ষার প্রতিবেদন এই তদন্তে নতুন গতি দিচ্ছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন ।

অন্যদিকে সিঙ্গাপুরের ঘটনাস্থলীর জুবিন গর্গের অন্তিম সময়ের সম্পূর্ণ ভিডিও এস আই টি উদ্ধার করতে সমর্থ হয়েছে। জুবিন গর্গের সহ-গায়িকা তথা অভিযুক্ত কারাবন্দী অমৃতপ্রভা মহন্ত নিজের মোবাইলে রেকর্ড করা এই ভিডিও মুছে ফেলার পর আসাম পুলিশের তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞরা এই ভিডিও সমূহ উদ্ধার করতে সমর্থ হয়েছেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ গুয়াহাটির লোকসেবা ভবনে গৃহরক্ষী বাহিনীকে এবং নাগরিক সুরক্ষা শক্তিশালী করার উদ্দেশ্যে এক বৈঠকে অংশ নেন । রাজ্য সরকার এই বৈঠকের মাধ্যমে লাচিত বরফুকন পুলিশ অ্যাকাদেমিতে পাঁচ হাজার নতুন নিযুক্তিপ্রাপ্তদের প্রশিক্ষণ প্রদান করে গৃহরক্ষী এবং অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু, স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহল সহ অন্যান্য আধিকারিকদের উপস্থিতিতে লোকসেবা ভবনে অন্য একটি বৈঠকে অংশ নেন । এই বৈঠকে শিক্ষা বিভাগ সম্পর্কিত বিষয়েও পর্যালোচনা করা হয়েছে । বৈঠকে ২০২৫-২৬ বর্ষের নিযুত মইনা প্রকল্পের সূচনা এবং মাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর স্তরের শিক্ষক পদের নিযুক্তির ফলাফল সম্পর্কেও আলোচনা করা হয় । চা-বাগান আদর্শ বিদ্যালয় সমূহের উদ্বোধন সহ বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ২০২৫-২৬ বর্ষের নিযুত মইনা প্রকল্পটি চলতি মাসে গুয়াহাটিতে একটি কেন্দ্রীয় অনুষ্ঠানের মাধ্যমে আরম্ভ করার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন । এই বৈঠকে মাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষক পদের নিযুক্তির ফলাফল চলতি মাসে ঘোষণা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । ডঃ বাণীকান্ত কাকতি মেধা পুরস্কার এবং মুখ্যমন্ত্রীর বিশেষ প্রকল্পের অধীনে মেধাবী ছাত্রীদের স্কুটার এবং সাইকেল আগামী মাসে প্রদান করতে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের সমগ্র রাজ্যে আরম্ভ করা শুশ্রুষা সেঁতু শীর্ষক বিধানসভা ভিত্তিক স্বাস্থ্য শিবিরে এপর্যন্ত লক্ষের ও বেশী শিশু ও কিশোর কিশোরীকে চিকিৎসা প্রদান করা হয়েছে । গত ১০ ই অক্টোবর পর্যন্ত রাজ্যের ৩৯ টি বিধানসভা ভিত্তিক স্বাস্থ্য মেলায় ১০ হাজারের ও বেশী ১৮ বছরের কম বয়সের ছেলে ও মেয়েকে প্রাথমিক পর্যায়ে চিকিৎসা প্রদান করা হয়েছে । এই স্বাস্থ্য শিবিরগুলিতে ৫০ থেকে ও বেশী রোগের পরীক্ষা বিনামূল্যে করা হয়েছে ।রাজ্য সরকারের এই স্বাস্থ্য মেলার অংশ হিসেবে কাছাড় ,কামরুপ মহানগর , নগাও , বিশ্বনাথ ও তিনসুকিয়াতে আজ বিশেষ কার্যসূচীর আয়োজন করা হয়েছে । স্বাস্থ্য মন্ত্রী অশোক সিংহল গতকাল বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য মেলা সহ বেশ কয়েকটি বিষয়ে আলোচনা করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের প্রবীন আধিকারিকদের সংগে এক বৈঠকে মিলিত হন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার উধারবন্দে আজ মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয় । জগন্নাথ সিং কলেজ প্রাংগনে অনুষ্ঠিত এই শিবিরে ৩ হাজার ৬১৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয় । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উধারবন্দের বিধায়ক মিহির কান্তি সোম বলেন মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্ব তথা বিশেষ উদ্যোগে এই স্বাস্থ্য শিবিরের আয়োজন সম্ভব হয়েছে । শ্রী সোম জানান কাছাড় জেলায় গত ১৭ ই সেপ্টেম্বর প্রথম মেগা স্বাস্থ্য শিবির ধলাই এ অনুষ্ঠিত হয়েছিল ।এরপর শিলচর ও লক্ষ্মীপুরে আয়োজনের পর আজ উধারবন্দে এই শিবিরের আয়িজন করা হয় ।সারাদিনব্যাপী অনুষ্ঠিত এই শিবিরে ৩৯৫ জন রোগীকে উন্নত চিকিৎসার জন্য শিলচর মেডিকেল কলেজ ও অন্যান্য কেন্দ্রে প্রেরণ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

এ ডি আর ই চতুর্থ শ্রেণীর পদসমূহের ফলাফল আগামীকাল ঘোষণা করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা জানিয়ে বলেন যে- আগামীকাল সকাল সাড়েদশটায় সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীরা ফলাফল পেয়ে যাবেন । তিনি একইসঙ্গে আগামীকাল থেকে আগামী শুক্রবারের মধ্যে স্নাতকোত্তর শিক্ষক পদসমূহের ফলাফল ঘোষণা করা হবে জানিয়েছেন । এমাসের মধ্যে ৩৫ হাজার যুবক-যুবতী সরকারী চাকরি লাভ করবে বলে তিনি উল্লেখ করেন ।

এদিকে রাজ্যসরকার আগামী পাঁচ বছরে দুই লক্ষেরও বেশি যুবক-যুবতীকে নিযুক্তি দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী তাঁর ফেসবুক লাইভে একথা জানিয়ে বলেছেন যে- রাজ্যের বেকার সমস্যার সমাধানের জন্য সরকার এই পদক্ষেপ গ্রহণ করেছে । আগামী মাসে পুলিশের বেশকিছু পদে নিযুক্তির ব্যবস্থা করা হবে বলে তিনি উল্লেখ করেছেন ।

------------------------------------------------------------------------------------

শিলচর- জিরিবাম ৪ লেন প্রকল্পের অধীন এলাকায় জমি ব্যবহারের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ন সরকারি নির্দেশ জারি করা হয়েছে । সে নির্দেশ অনুযায়ী এই জমি অধিগ্রহনের প্রক্রিয়া দিগলিগাও এবং খারজনপুঞ্জিগ্রাম পর্যন্ত বিস্তৃত থাকবে । জেলা প্রশাসনের নির্দেশে স্পষ্ট করে বলা হয়েছে যে প্রস্তাবিত ৪ লেন সড়কের নির্ধারিত এলাকার মধ্যে যেকোনো নতুন নির্মান ,কৃষিকাজ বা উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের পূর্বে জেলা আয়ুক্তের কার্যালয় থেকে আগে অনুমতি নিতে হবে । এছাড়া নির্দেশে আরো বলা হয়েছে যে প্রস্তাবিত সড়কের অধিকারভূক্ত এলাকায় যেকোনো অনঅনুমোদিত নির্মান কাজ বা কৃষি কাজ করা হলে তা জমি গ্রহণ বা প্রকল্প বাস্তবায়নের সময় কোনো ক্ষতিপূরণের জন্য যোগ্য বলে গন্য হবেনা । এই নির্দেশ

ব্যাক্তিগত ও ব্যনিজ্যিক উভয় ধরনের নির্মাণের ক্ষেত্রেই প্রযোজ্য । জেলা আয়ুক্ত মৃদুল যাদব জানান এইনির্দেশ জারি করা হয়েছে অবৈধ দখল রোধ ,স্বচ্ছতা নিশ্চিত করা এবং দক্ষভাবে জাতীয় মহাসড়ক প্রকল্প বাস্তবায়ন করার স্বার্থে যা বরাক উপত্যকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও অর্থনৈতিক বিকাশে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে । এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে বলে উপায়ুক্ত জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার ভাংগা পূর্বগুল এলাকার বাবুর বাড়ি সংলগ্ন ৩৭ নম্বর জাতীয় সড়কে আজ একটি ট্রাক ও বাইকের মুখোমূখি সংঘর্ষে একজনের মৃত্যু হয় । বদরপুরের দিক থেকে আসা একটি বাইকের সংগে শ্রী ভূমি যাওয়ার সময় একটি ট্রাকের মুখোমুখী সংঘর্ষের ফলে এই দূর্ঘটনা সংঘটিত হয় । এই ঘটনায় একজন বাইক আরোহীর ঘটনাস্থলে মৃত্যু হয় অপরজনের অবস্থা সংকটজনক বলে তাকে করিমগঞ্জ অসামরিক হাসপাতালে প্রেরণ করা হয় ।মৃত ব্যাক্তি ভাংগা গুয়ারি গ্রামের ফারুক আহমেদ বলে জানা গেছে । ঘটনার পর পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতির খোজ নেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার অতিরিক্ত দায়রা বিচারপতি ধর্ষণের মামলায় এনামুল হক লস্কর নামের একজন অপরাধীকে কুড়ি বছরের কারাদন্ডে দন্ডিত করেছেন । উধারবন্দের ডুমুরঘাটের বাসিন্দা এনামুল গতবছরের সাতই জুন জনৈক নাবালিকাকে অপহরণ করে নির্যাতন চালিয়েছিল । ঘটনার তদন্তের শেষে এনামুলের বিরুদ্ধে পুলিশ আদালতে অভিযোগনামা দাখিল করে । বিচারে তাকে দোষী সাব্যস্ত করে পকসো আইনের অধীনে এনামুয়লকে কুড়ি হাজার টাকা জরিমানা সহ কুড়ি বছরের কারাদন্ডে দন্ডিত করেছে । ভারতীয় দন্ডবিধির ৩৬৩ নম্বর ধারার অধীনে তাকে অতিরিক্ত তিন বছরের কারাদন্ড এবং পাঁচ হাজার টাকার জরিমানা ধার্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্টের নির্দেশে হাইলাকান্দি জেলা প্রশাসন আজ আলগাপুর বাজারে উচ্ছেদ অভিযান চালিয়েছে । আজকের অভিযানে ১৬টি অবৈধভাবে দখলে থাকা ব্যবসায়িক প্রতিষ্ঠান ভেঙ্গে ফেলা হয়েছে । ম্যাজিষ্ট্রেটের উপস্থিতিতে পুলিশ ও স্থানীয় লোকেদের সমর্থনে এই উচ্ছেদ অভিযান চালানো হয়েছে । উল্লেখ্য- সরকারী নির্দেশকে অমান্য করে দীর্ঘ দিন থেকে অবৈধভাবে জমি দখল করে ব্যবসায়িক প্রতিষ্ঠান নির্মাণ করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------

ভুবনেশ্বর কলিংগ ষ্টেডিয়ামে অনুষ্ঠিত জাতীয় জুনিয়র এথলেটিকসের হাইজাম্প প্রতিযোগীতায় আসামের জুবিন গোহাই সোণার পদক অর্জন করেছে । ছেলেদের ১৭ বছরের শাখায় জুবিন এই সাফল্য পেয়েছে ।

---------------------------------------------------------------------------